

যায়যায়দিন

তারিখ ... 1-4 JAN 2007 ...
পৃষ্ঠা ১৩ কলাম ৬

১৮ জানুয়ারি

ছাত্রলীগ আজ আবার সক্রিয় হচ্ছে ইডেনে

ইডেন প্রতিনিধি

ইডেন কলেজ ছাত্রলীগের কার্যক্রম আবার চালু করার জন্য সেখানে ছাত্রলীগের নতুন কমিটি গঠন করা হয়েছে। নতুন গঠিত এ কমিটি ক্যাম্পাসে তাদের রুটিনমাসিক কার্যক্রমের পাশাপাশি ক্যাম্পাসে নির্বাচনী প্রচারণার কাজ চালাবে।

গত ১৫ ডিসেম্বর জেসমিন শামীম নিয়মকে আহ্বায়ক এবং ফারজানা ইয়াসমিন তানিয়াকে সেক্রেটারি করে ৫১ সদস্যবিশিষ্ট ছাত্রলীগ ইডেন কলেজ শাখার পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়। প্রায় এক মাস আগে কমিটি গঠিত হলেও ছাত্রলীগের পক্ষ থেকে ক্যাম্পাসে এ বিষয়ে কোনো ঘোষণা দেয়া হয়নি।

ছাত্রলীগের কোনো কার্যক্রমও দেখা যায়নি। এ সম্পর্কে নতুন কমিটির আহ্বায়ক জেসমিন শামীম নিয়ম যাদিকে জানান, এতোদিন অন্যান্যভাবে ছাত্রলীগকে ক্যাম্পাসে প্রবেশ করতে দেয়া হয়নি। এর প্রতিবাদ জানাতে এবং ছাত্র-সংগঠন হিসেবে সুস্থ ছাত্র রাজনীতি চর্চার অংশ হিসেবে তারা আজ ইডেন কলেজে অবস্থান নেবেন। তবে ক্যাম্পাসের নিয়ম-শৃঙ্খলা মান্য করেই তারা তাদের অবস্থান ও কার্যক্রম চালাবেন।

অন্যদিকে ছাত্রদের পক্ষ থেকে বলা হয়েছে, ছাত্রলীগের নতুন ঘোষিত কমিটির সদস্যরা কেউই কলেজের বৈধ ছাত্রী নন। সুতরাং যে কোনো মূল্যে কলেজ ক্যাম্পাসে অবৈধ ছাত্রীদের অনুপ্রবেশ ঠেকাবে ছাত্রদল।